

ফসলের বীজ ক্রয়ের জন্য দরপত্র আহ্বান

জনাব,

বাদাবন সংঘ হতে শুভেচ্ছা।

বাদাবন সংঘ একটি নারী অধিকার ভিত্তিক সংগঠন। দক্ষিণ পশ্চিমাঞ্চলের নারী কৃষকদের কারিগরী প্রশিক্ষণ ও সহায়তা করে। বাদাবন সংঘ নারী বর্গাচাষী/কৃষি জমির মালিকগণদের স্বাবলম্বী, জীবন মান উন্নয়ন এবং কৃষি নির্ভর করার লক্ষ্যে বিভিন্ন মৌসুম ভিত্তিক বীজ ক্রয়ের জন্য আগ্রহী। বাদাবন সংঘ নিম্নোক্ত ধরনের বীজ ক্রয়ের জন্য স্বনামধন্য ও বিশ্বাসী বীজ বিক্রেতার/সরবরাহকারীর নিকট হতে দরপত্র আহ্বান করছে।

বীজের বিবরণ নিম্নে প্রদান করা হলো:

ক্রম	ফসলের ধরণ	বিবরণ	মৌসুমের নাম	মন্তব্য
১	করলা	পরিমাণ- ১০ গ্রাম	বর্ষা মৌসুম	
২	মিষ্টি কুমড়া	পরিমাণ- ১০ গ্রাম	বর্ষা মৌসুম	
৩	লাউ	পরিমাণ- ১০ গ্রাম	বর্ষা মৌসুম/বারো মাস	
৪	ধুন্দল	পরিমাণ- ১০ গ্রাম	বর্ষা মৌসুম	
৫	তরমুজ	পরিমাণ- ২০ গ্রাম	বর্ষা মৌসুম	
৬	ঢেড়স	পরিমাণ- ১০ গ্রাম	বর্ষা মৌসুম	
৭	মরিচ	পরিমাণ- ৫ গ্রাম	বর্ষা মৌসুম	

বিক্রেতার যোগ্যতা:

সরবরাহকারীর/বিক্রেতার উন্নতমানের বীজ ক্রয়, বিক্রয় ও সরবরাহ করার ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী:

- সরবরাহকারী দরপত্রের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, TIN, BIN, ব্যাংক একাউন্ট তথ্য সংযুক্ত করতে হবে।
- সরবরাহকারী নির্দিষ্ট সময়ের মধ্যে আনুষঙ্গিক খরচ যুক্ত করে দরপত্র ক্রয় কমিটির নিকট বা বাদাবন সংঘ'র ফয়লা অফিসে জমা দিবেন।
- ভালো ও উন্নতমানের মানের বীজ কার্যাদেশ পাবার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে সরবরাহ করবেন।
- পণ্যের সর্বমোট মূল্য সরবরাহকৃত পণ্য বুঝে পাওয়ার পর এ্যাকাউন্ট-পে চেকের মাধ্যমে সরবরাহকারী অনুকূলে বিল পরিশোধ করা হবে।
- দরপত্র অনুসারে উৎকৃষ্ট মানের ও সঠিক পরিমাণে বীজ সরবরাহ করবেন।
- বাদাবন সংঘ যে কোনো সময়ে এই দরপত্র আহ্বানের গুণগত মান খারাপ হলে বা নির্দিষ্ট সময়ের মধ্যে বীজ সরবরাহে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল করতে পারে।
- বাদাবন সংঘ সর্বমোট মূল্যের উপর সরকারের নীতিমালা অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিল পরিশোধ করবেন।
- আচরণবিধি: বিক্রেতাকে শ্রমিকদের অধিকার, শিশু শ্রম, মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার এবং পরিবেশগত সমস্যা সম্পর্কিত রাষ্ট্রীয় শ্রম আইন এবং প্রবিধানগুলিকে সমর্থন করতে হবে।
- মানি লন্ডারিং এবং সন্ত্রাসী অর্থায়ন কার্যক্রম: বিক্রেতাকে মানি লন্ডারিং, ঘুষ ও দুর্নীতি বিরোধি এবং সন্ত্রাসী অর্থায়ন কার্যক্রম সংক্রান্ত সরকারি আইন-কানুন মেনে চলতে হবে।

সরবরাহকারী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরপত্র প্রদান করবেন। দরপত্র জমাদানের শেষ তারিখ ০৯/০১/২০২৫।

মাঃ কামিরুল ইসলাম
এইচআর এসোসিয়েট
বাদাবন সংঘ

মাকসুদা আক্তার
প্রোগ্রাম সমন্বয়কারী অফিসার
বাদাবন সংঘ

আফরিনার রহমান
প্রোগ্রাম অফিসার
বাদাবন সংঘ